

সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৯৭২

- ٩. মন গলানো সুমিষ্ট উপদেশমালা (کتَابُ الرَّقَائق)
- পরিচ্ছেদঃ দু'আ-কারীর দু'আ কবৃল করা হয়, যদি দু'আ-কারী তাতে তাড়াহুড়া না করেন-এটি তখনই হয়, যখন সে আল্লাহর আনুগত্যমূলক কাজে দু'আ করে

ذكْرُ الْبَيَانِ بِأَنَّ اسْتِجَابَةَ دُعَاءِ الدَّاعِي مَا لَمْ يُعَجِّلْ إِنَّمَا يَكُونُ ذَلِكَ إِذَا دَعَا بِمَا لِلَّهِ فِيهِ طَاعَةٌ

আরবী

972 _ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ الْحَسَن بْن قُتَيْبَةَ قَالَ: حَدَّثَنَا يَزيدُ بْنُ مَوْهَب قَالَ: حَدَّثَنَا ابْنُ وَهْبِ قَالَ: حَدَّثَنَا مُعَاوِيَةُ بْنُ صَالِح عَنْ رَبِيعَةَ بْنِ يَزِيدَ عَنْ أَبِي إِدْرِيسَ الْخَوْلَانِيّ عَنْ أَبِي هُرَيْرَةَ عَنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنَّهُ قَالَ: (لَا يَزَالُ يُستجاب لِلْعَبْد مَا لَمْ يَدْعُ بِإِثْم أَنْ قَطِيعَةِ رَحِم مَا لَمْ يَسْتَعْجِلْ) قِيلَ: يَا رَسُولَ اللَّهِ مَا الْاسْتِعْجَالُ؟ قَالَ: (يَقُولُ: يَا رَبِّ قَدْ دَعَوْتُ وَقَدْ دَعَوْتُ فَمَا أَرَاكَ تستجيب لى فيستحسر عند ذلك فيدع الدعاء) الراوي: أَبُو هُرَيْرَةَ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 972 | خلاصة حكم المحدث:. صحيح.

বাংলা

৯৭২. আবৃ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, "বান্দার দু'আ কবৃল করা হয়, যদি না সে কোন পাপ অথবা রক্ত সম্পর্ক ছিন্ন করার দু'আ করে এবং যদি সে তাড়াহুড়া না করে।" বলা হলো, "হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, তাড়াহুড়া কী?" জবাবে তিনি বলেন, "সে বলে, হে আমার প্রতিপালক, আমি আপনার কাছে দু'আ করলাম, আবারো দু'আ করলাম, কিন্তু আমি আপনাকে আমার দু'আ কবৃল করতে দেখলাম না। ফলে সে দু'আ করা ছেড়ে দেয়!"[1]

ফুটনোট

[1] সহীহ মুসলিম: ২৭৩৫; ইমাম বুখারী, আদাবুল মুফরাদ: ৬৫৫; সুনান বাইহাকী: ৩/৩৫৩; বাগাবী, শারহুস সুনাহ: ১৩৯০।



আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে মুসলিমের শর্তানুযায়ী শক্তিশালী বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ১৩৩৪।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন